উপজেলা পরিষদ

মোহনগঞ্জ, নেত্রকোণা

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী-

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ২৯ এপ্রিল ২০২৪ খ্রিঃ, বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা। |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব, রেজওয়ানা কবির, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-**

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি)র ৯৭,২৮,০০০.০০ (সাতানব্বই লক্ষ আটাশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের ৪০,০০,০০০.০০ (চল্লিশ লক্ষ) টাকাসহ সর্বমোট ১,৩৭,২৮,০০০.০০ (এক কোটি সাতত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকার অনুমোদিত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়ন করা হচ্ছে । তিনি বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে কয়েকটি মরা রেইনট্রি গাছ নিলামে বিক্রয় করা জরুরি। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া মোহনগঞ্জ-চেছরাখালী (আদর্শনগর) জিসি রাস্তা ৯৩৮০,১২৩০০, ১২৩৯০ ও ১২৭০০ মিঃ চেইনেজে ৪টি পুরাতন কালভার্ট ও ডাইভারশন রোডের মালামাল নিলাম ডাকে বিক্রয়ঃ প্রাক্কলিত মূল্য (যথাক্রমে ৫২,০০০.০০, ৫২,০০০.০০, ৫২,০০০.০০ ও ২৬,০০০.০০) সর্বমোট= ১,৮২,০০০.০০ (এক লক্ষ বিরাশি হাজার) টাকা। অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহি ত হয়। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) এর প্রকল্পগুলি পিআইসি ও টেন্ডারের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং উপজেলা পরিষদের মরা রেইনট্রি গাছ নিলামে বিক্রয়ের জন্য নীতিমালা মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম ও ২য় কিস্তির টিআর ও কাবিখার কাজ সমাপ্ত হয়েছে। ৩য় কিস্তির টিআর, কাবিটা ও কাবিখা কাজ চলমান আছে। তিনি বলেন, ভিজিএফ চাল বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যান অনুরোধ করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় বলেন, বর্তমানে করোনার প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। সরকারি সিদ্ধান্ত মোতাবেক ১৮+ বছরের উর্দ্ধে যে সকল ব্যক্তিকে অদ্যাবধি কোন টিকা গ্রহণ করেননি সেসকল ব্যক্তিতে কোভিড-১৯ এর ১ম ডোজ দেয়া হবে। সকলকে বিষয়টি অবহিত করার জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে মর্মে জানান । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় । | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান, অফিসের পাশে একটি ছোট মরা গাছ আছে। উক্ত গাছটি নিলামে বিক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পর্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রাণিসম্পদ অফিস বাউন্ডারীর অভ্যন্তরে মরা গাছটি নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করার জন্য বন বিভাগকে পুনরায় অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, ২০২৩-২০২৪ আর্থিক সালে ০২টি বিল নার্সারীর বরাদ্দ পাওয়া গিয়েছে। এর মধ্যে ৪ থেকে ৫টি বিলের নাম পাওয়া যায় সেখান থেকে যাচাই বাছাই করে কমিটির মাধ্যমে উপর্যুক্ত | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০২টি বিলে বিল নার্সারী করা হবে। এছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল ভেঙ্গে যাওয়ায় উপজেলা পরিষদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। পরিষদের নিরাপত্তার স্বার্থে জরুরিভিত্তিতে উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল মেরামত করার অনুরোধ করেন। তিনি বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে অবাধে গবাদিপশু প্রবেশ করে সূর্যমুখী ফুলের বাগান নষ্ট করছে বলে জানান। এছাড়া দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল মেরামত, পরিষদে গবাদি পশু প্রবেশ বন্ধ ও নিরাপত্তা নিশ্চিকরণের জন্য উপজেলা প্রকৌশলী ব্যবস্থা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ ও উপজেলা প্রকৌশলী। |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ০৩উপজেলার ১৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার,মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বলেন, খাদ্য গুদামে আজকের মজুদ চাল ১৩৯৫ মে. টন। মজুদ চাল আপদকালীন সময়ের খাদ্য চাহিদা পূরণের জন্য সংরক্ষণ থাকবে। এপ্রিল ২০২৪ মাসের টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস এর চাল বিক্রয় চলমান আছে। উপজেলা খাদ্য বিভাগের পক্ষ থেকে প্রতিদিন বাজার মনিটরিং করা হচ্ছে। খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ। |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, শিক্ষার্থীদের উপবৃত্তি একাউন্ট "নগদ" এ স্থানান্তরের কার্যক্রম চলমান আছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান, অদ্য উপজেলায় বিভিন্ন ভাতাভোগীদের মধ্যে ১৮,৬১২ জনকে ভাতার পেরোল প্রদান করা হয়। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১১ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য । পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তিনি মার্চ ২০২৪ মাসে এ উপজেলায় যোগদান করেন। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৩ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার বলেন, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ |
| ১৪ | মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নত্রকোণা |
| ১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, ২০২৩-২০২৪ অর্থ বৎসরের আজ পর্যন্ত ৪৩৩টি গভীর নলকূপ স্থাপন কাজ শেষ হয়েছে। ১৮২ টি টিউবওয়েলের মালামাল ঠিকাদারের স্টকে রয়েছে/ ঈদের পর কাজ শুরু করবে। এছাড়া ৬টি ওয়াস ব্লক নির্মাণ করা হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৬ | পল্লী জীবিকায়ন প্রকল্প, ৩য় পর্যায় | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, ৩য় পর্যায়, বিআরডিবি সভায় জানান, প্রকল্প কার্যক্রমের দল গঠন, সদস্য ভর্তি, ক্ষুদ্র ঋণ বিতরণ এবং ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রমসহ অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, ৩য় পর্যায়, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, ৩য় পর্যায় মোহনগঞ্জ, নত্রকোণা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | বড়কাশিয়া বিরামপুর ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, ১নং বড়কাশিয়া বিরামপুর ইউপি বলেন, বিদ্যুৎ এর লোডশেডিং নিয়ে দুঃখ প্রকাশ করেন ডিজিএমকে বলেন লোডশেডিং কতক্ষন থাকবে তা উল্লেখ্য করার জন্য। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ, মোহনগঞ্জকে অনুরোধ করা হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ মোহনগঞ্জ নেত্রকোণা। |
| ১৮ | তেতুলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ বলেন, পশ্চিম তেতুলিয়া জিজিসিআর রোড হইতে নতুন বাজার হয়ে আবুল হাসেমের বাড়ি পর্যন্ত রাস্তার আইডি ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এছাড়া এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়। | "পশ্চিম তেতুলিয়া জিজিসিআর রোড হইতে নতুন বাজার হয়ে আবুল হাসেমের বাড়ি" পর্যন্ত রাস্তার আইডি ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা। |

(৩) বিবিধ ঃ (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা, বলেন প্রচন্ড তাপদহ চলছে এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান মহোদয়কে সজাগ থাকার অনুরুধ করেছেন। তিনি বলেন, সার্বজনীন পেনশন স্কীম বিষয়ে সর্বসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য এবং সকলকে এর আওতায় আসতে হবে মর্মে আশা ব্যক্ত করেন।

(খ) সভায় ভাইস চেয়ারম্যান, বলেন যে, ২৯.০৫.২০২৪ তারিখ উপজেলা পরিষদের নির্বাচন। যেহেতু আজকের সভাই আমার শেষ সভা সেহেতু বিগত ০৫(পাঁচ) বছর কর্মকালীন সময়ে যদি কোন ভুলত্রুটি হয়ে থাকে তাহলে ক্ষমা ও সুন্দর দৃষ্টিতে দেখার জন্য সকলকে অনুরুধ জানান এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

(গ) মে/২০২৪ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ৩০.০৫.২০২৪ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

(ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত অবকাঠামো উপ-প্রকল্পের INF- 2021-22-457262-01 ও INF- 2021-22-457262-02 নং প্যাকেজের কাজ সম্পন্ন হওয়ায় ঠিকাদারকে বিল পরিশোধ করা প্রয়োজন। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমাণ যথাক্রমে ভ্যাট ও আয়করসহ ৮,৭৪,০০০/-(আট লক্ষ চুয়াত্তর হাজার) টাকা ও ভ্যাট ও আয়করসহ ২০,০২৯৯৩/- (বিশ লক্ষ দুই হাজার নয়শত তিরানব্বই) টাকা পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত ঃ INF- 2021-22-457262-01 ও INF- 2021-22-457262-02 নং প্যাকেজের ভ্যাট ও আয়করসহ ৮,৭৪,০০০/-(আট লক্ষ চুয়াত্তর হাজার) টাকা ও ভ্যাট ও আয়করসহ ২০,০২৯৯৩/- (বিশ লক্ষ দুই হাজার নয়শত তিরানব্বই) টাকা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল/২০২৪ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মার্চ/২০২৪ মাসের ভ্রমণ বিল। | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মার্চ/২০২৪ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল/২০২৪ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মার্চ/২০২৪ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের এপ্রিল/২০২৪ মাসের মজুরী প্রদান। | ১৮,৫০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ামানগণের অফিসের এপ্রিল/২০২৪ মাসের সভার আপ্যায়ন,আনুষঙ্গিক ব্যয় | ২০,০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের এপ্রিল/২০২৪ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটির এপ্রিল/২০২৪ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয়। | ৮,০০০/- |
| ১১ | পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে উপজেলা পরিষদে দায়িত্বপ্রাপ্ত আনসারদের ভাতা | ১০,০০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০- (৪০) তারিখঃ ২৯ এপ্রিল ২০২৪ খ্রি.

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ..............................................................,........অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,.......................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

২৯/০৪/২৪

(রেজওয়ানা কবির)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

মাসের নামঃ এপ্রিল -২০২৪

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)"পরিশিষ্ট ক"

| ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্যগণ | পদবী |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সভাপতি |
| ০২ | জনাব রেজওয়ানা কবির, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোনা। | সদস্য |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৫ | সিঃ উপজেলা মৎস্য অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৬ | উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৮ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৯ | উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৪ | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৮ | ডেপুটি জেনারেল ম্যানেজার, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৯ | ইউডিএফ, ইউজিডিপি, এলজিইউডি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২০ | চেয়ারম্যান, বড়কাশিয়া বিরামপুর ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২১ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২২ | চেয়ারম্যান, সুয়াইর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ক্রঃ নং | সভায় অনুপস্থিত সদস্যগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | |
| ০১ | মেয়র, মেহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ০৩ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ০৫ | চেয়ারম্যান, বড়তলী বানিয়াহারী ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৬ | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৭ | চেয়ারম্যান, মাঘান ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৮ | জনাব রোজিনা আক্তার, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |